# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মোঃ আব্দুর রশীদ খান
প্রধান প্রকৌশলী
এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

সভার স্থান: সেমিনার কক্ষ, (লেভেল-৪), এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
সভার তারিখ ও সময়: ২২-১২-২০২১খ্রিঃ বেলা ১০.০০ ঘটিকা।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করা হয়। সভার আলোচ্যসূচী নিম্নরুপঃ

১। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) প্রতিবেদন পর্যালোচনা।

২। বিবিধ।

আলোচ্যসূচী অনুযায়ী বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| প্রাতিষ্ঠানিক ব্যবস্থা............................................................ | | | | |
| ১.১ | নৈতিকতা কমিটির সভা | সভায় জানানো হয়, এলজিইডি'র শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভা আহবান করা হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা আহবান করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার) |
| ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার গৃহিত সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রতি ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির সভার গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের হার পর্যালোচনা করতে হবে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের(Stakeholder) অংশগ্রহনে সভা | সভায় জানানো হয়, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ২য় ত্রৈমাসিকে অংশীজনের অংশগ্রহনে ১টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা আছে।<br>পরবর্তীতে সভাপতি, ২য় ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৭/১২/২০২১ইং তারিখ অংশীজনের অংশগ্রহনে সভা আহবানের কথা উল্লেখ করেন। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় ত্রৈমাসিকে অংশীজনের অংশগ্রহনে সভা ২৭/১২/২০২১ ইং তারিখ আহবান করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার) |
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | সভায় জানানো হয়, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় ত্রৈমাসিকে ১০০ জন কর্মকর্তাকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা ছিল।<br>পরবর্তীতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মানব সম্পদ) জানান যে, ২য় ত্রৈমাসিকে ১৫০ জন কর্মকর্তাকে শুদ্ধাচার সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় ত্রৈমাসিকে নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | তত্বাবধায়ক প্রকৌশলী, (মানব সম্পদ) |
| ১.৫ | কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি | সভায় অবহিত করা হয়, Covid-১৯ পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরনপূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা, পুরাতন মালামাল ও নথি বিনষ্টকরন এবং অফিস প্রাঙ্গন পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির জন্য পরিচ্ছন্নতা মনিটরিং টিম কর্তৃক নিয়মিত পর্যবেক্ষন করা হচ্ছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিত পরিচ্ছন্নতা বৃদ্ধির অভিযান পরিচালনা করতে হবে। | তত্বাবধায়ক প্রকৌশলী, (প্রশাসন) |
| ১.৬ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | সভায় জানানো হয়, এলজিইডি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ প্রণয়ন করে নির্ধারিত সময়ের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ ও এলজিইডি ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br>শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ১৫/০১/২০২২ ইং তারিখের মধ্যে ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ ও এলজিইডি ওয়েবসাইটে আপলোড করা হবে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ ও এলজিইডি ওয়েবসাইটে আপলোড করতে হবে। | তত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), সিস্টেম এনালিষ্ট ও এমআইএস সেল |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| ১.৭ | আওতাধীন আঞ্চলিক/ মাঠপর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ১৭/০১/২০২২ তারিখের মধ্যে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ হতে প্রেরীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের নিমিত্ত সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ কর্তৃক দাখিলকৃত ২য় ত্রৈমাসিক প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভা করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার) |
| ১.৮ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েব সাইটে প্রকাশ। | ২০২০-২১ অর্থবছরের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে।<br>২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার আগামী ৩১/০৫/২০২২ তারিখের মধ্যে প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী(প্রশাসন) ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষনাবেক্ষণ) |
| **আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন..........................................................** | | | | |
| ২.১ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন) জানান যে, ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রকল্প পরিচালকদের নিকট হতে সংগ্রহ করা হয়েছে এবং শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০/০৯/২০২১ তারিখে এলজিইডি'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ২০২১-২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (মনিটরিং ও মূল্যায়ন) |
| ২.২ | প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | সভায় নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা) জানান যে, ২য় ত্রৈমাসিকে ১৬টি PSC এবং ১৯টি PIC সভা আয়োজন করা হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে PSC ও PIC সভা আয়োজন করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) |
| ১.৩ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন | সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন) জানান যে, ২য় ত্রৈমাসিকে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর ভৌত অগ্রগতি ৪৭.০২% এবং আর্থিক অগ্রগতি ৩৪.৭১% বাস্তবায়ন হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২১-২২ অর্থ বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের হার মনিটরিং করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (মনিটরিং ও মূল্যায়ন) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| ১.৪ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করা | সভায় জানানো হয়, ২০২০-২১ অর্থ বছরে যে সকল প্রকল্প সমাপ্ত হয়েছে তার সম্পদের (কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) তথ্য সংগ্রহ করা হয়েছে। বিধি মোতাবেক ৩১/১২/২০২১ইং তারিখের মধ্যে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরে যে সকল প্রকল্প সমাপ্ত হয়েছে তার সম্পদ (কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী(প্রশাসন) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম..........................................................** | | | | |
| ৩.১ | পিএমআইএস এর মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের বদলি, অবমুক্তকরণ ও যোগদান | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) জানান যে, এলজিইডি'র সকল কর্মকর্তা/কর্মচারীদের বদলি, অবমুক্তকরণ ও যোগদান সংক্রান্ত কার্যক্রম পিএমআইএস এর মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী পিএমআইএস এর মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের বদলি, অবমুক্তকরণ ও যোগদান সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), নির্বাহী প্রকৌশলী (প্রশাসন) |
| ৩.২ | সম্পাদিত পূর্ত কাজের চূড়ান্ত বিলের সাথে স্থিরচিত্র সংযোজন | সভায় জানানো হয়, এলজিইডি'র আওতায় সম্পাদিত সকল পূর্ত কাজের চূড়ান্ত বিলের সাথে স্থিরচিত্র সংযোজন করা হয়। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদিত সকল পূর্ত কাজের চূড়ান্ত বিলের সাথে স্থিরচিত্র সংযোজন বিষয়টি মনিটরিং করতে হবে। | মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ |
| ৩.৩ | ০৩(তিন) কোটি টাকার উর্ধ্বে কাজ সমূহের চূড়ান্ত বিল প্রদানের পূর্বে অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক প্রত্যয়ন প্রদান | সভায় জানানো হয়, ০৫(পাঁচ) কোটি টাকার উর্ধ্বে কাজসমূহের চূড়ান্ত বিল প্রদানের পূর্বে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বিভাগ) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয় এবং ০৩(তিন) থেকে ০৫ (পাঁচ) কোটি টাকার পর্যন্ত কাজসমূহের চূড়ান্ত বিল প্রদানের পূর্বে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঞ্চল) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয়। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৩(তিন) কোটি টাকার উর্ধ্বে কাজ সমূহের চূড়ান্ত বিল প্রদানের পূর্বে প্রত্যয়ন প্রদান বিষয়টি মনিটরিং করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী(বিভাগ)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী(অঞ্চল) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| ৩.৪ | বিভিন্ন কর্মশালায় দুর্নীতি বিরোধী মটিভেশনাল আলোচনা | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় ত্রৈমাসিকে বিভিন্ন কর্মশালায় ১টি দুর্নীতি বিরোধী মটিভেশনাল আলোচনার লক্ষ্যমাত্রা ছিল। পরবর্তীতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মানব সম্পদ) জানান যে, ২য় ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৪ টি দুর্নীতি বিরোধী মটিভেশনাল আলোচনা সভার আয়োজন করা হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণ/কর্মশালায় দুর্নীতি বিরোধী মটিভেশনাল আলোচনা করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মানব সম্পদ)/ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৫ | Online ভিত্তিক প্রকল্প কর্মসূচী মনিটরিং কার্যক্রম চালুকরণ | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৪টি প্রকল্পে Online ভিত্তিক মনিটরিং কার্যক্রম চালু রয়েছে। | Online ভিত্তিক প্রকল্প কর্মসূচী মনিটরিং কার্যক্রম পর্যবেক্ষন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি)/ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১২/২০২১

(মোঃ আব্দুর রশীদ খান)
প্রধান প্রকৌশলী
ও
সভাপতি, নৈতিকতা কমিটি

**প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা, ডিজাইন ও গবেষণা),এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা),এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মানব সম্পদ উন্নয়ন, মান নিয়ন্ত্রণ ও পরিবেশ), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি।
৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (প্রেষণে), Program for Supporting Rural Bridge (SupRB) এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন এবং শৃঙ্খলা ও তদন্ত), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অডিট)(প্রেষণে), Program for Supporting Rural Bridge (SupRB) এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
৯. নির্বাহী প্রকৌশলী (শৃঙ্খলা ও তদন্ত), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।
১০. নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি।